যায়যায়দিন

তারিখ ....27 MAY 2009
পৃষ্ঠা ...১৩... কলাম...১......

# যশোর বোর্ড : কমেছে পাসের হার বেড়েছে জিপিএ ৫

স্টাফ রিপোর্টার যশোর

যশোর বোর্ডের এসএসসির ফলাফল বিশ্লেষণ করে দেখা যায়, এবার গতবারের চেয়ে জিপিএ-৫-এর সংখ্যা বাড়লেও কমেছে পাসের হার। এবার জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৭৬৭ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিল ৪ হাজার জন। গতবার পাসের হার ছিল ৭২ শতাংশ। এবার পাসের হার কমে দাঁড়িয়েছে ৬৮.০১-এ। তবে সবার প্রবণতা কমেছে। এ কারণে এবার নকল করার অভিযোগে মাত্র ১৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ফলাফল বিশ্লেষণে দেখা যায়, যশোর বোর্ডের অধীন ১০টি জেলার মধ্যে খুলনায় পাসের হার সবচেয়ে বেশি ৭৪ শতাংশ। আর সবচেয়ে কম কুষ্টিয়া জেলায় ৫৭.০৪ শতাংশ। এছাড়া যশোর জেলায় ৭২.৭১, সাতক্ষীরা ৭২.১০, মাগুরায় ৬৮.৭৮, বাগেরহাটে ৬৭.৯১, ঝিনাইদহে ৬৬.৬১, নড়াইলে ৬৬.২৪, চুয়াডাঙ্গায় ৬২.৪৭, মেহেরপুরে ৬০.৯১ শতাংশ ছাত্রছাত্রী পাস করেছে। এছাড়া ৩৩টি স্কুলে পাসের হার শতভাগ। কিন্তু দুটি স্কুল থেকে কেউই পাস করতে পারেনি। খুলনার ফুলতলা ধোপাখোলা স্কুলে আটজনের মধ্যে আটজনই আর মেহেরপুরের মদনডাঙ্গা বালিকা বিদ্যালয় থেকে চারজনের মধ্যে চারজনই ফেল করেছে। কুষ্টিয়ার পাসের হার কম প্রসঙ্গে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, বরাবরই লক্ষ্য করা যাচ্ছে কুষ্টিয়ার পাসের হার অন্য জেলার তুলনায় কম। পাসের হার বৃদ্ধির জন্য আমরা স্কুলপ্রধান ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করছি। এছাড়া তিনি আরো বলেন, যে দুটি স্কুল থেকে কেউ পাস করতে পারেনি, সে দুটি স্কুলকে আর এসএসসি পরীক্ষার সুযোগ দেয়া হবে না। অন্য যে স্কুলগুলোর ফলাফল বিপর্যয় হয়েছে, কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধেও পদক্ষেপ গ্রহণ করবে।